



নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিঃ

Northern Electricity Supply Company Ltd.
(An Enterprise of Bangladesh Power Development Board)



প্রধান কার্যালয়
বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী।

স্মারকঃ ২৭.২৯.০০০০.০৯১.০৬.০০১.২২.০২১

তারিখঃ ২২/০৯/২২ খ্রিঃ

“নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ -এ ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের
নিমিত্তে গঠিত কমিটির সভার কার্যবিবরণী”

সভাপতিঃ জনাব মোঃ আব্দুর রশিদ
প্রধান প্রকৌশলী (বিতরণ অঞ্চল, রাজশাহী), নেসকো লিঃ।
সভার তারিখঃ ২০/০৯/২০২২ খ্রিঃ
সভার সময়ঃ দুপুর ০২:০০ ঘটিকা
স্থানঃ ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্ব স্ব অবস্থান থেকে সভা।
উপস্থিতিঃ সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে নেসকো লিঃ এর প্রধান প্রকৌশলী (বিতরণ অঞ্চল, রাজশাহী),
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্রয়), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পওস-১ রংপুর), উপ-মহাব্যবস্থাপক (আইসিটি
অ্যান্ড অটোমেশন, অঃদাঃ), ব্যবস্থাপক (ডাটা সেন্টার) এবং ব্যবস্থাপক (এমআইএস) উপস্থিত ছিলেন।

সভার আলোচ্যসূচি নিম্নরূপঃ

ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রাথমিক আলোচনা এবং গত ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখে
বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত ই-গভর্নেন্স ও উদ্ভাবনী সভার পর্যালোচনা।

আলোচনা:

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে সংযুক্ত থাকার জন্য ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
সভাপতির অনুমতিক্রমে ব্যবস্থাপক (এমআইএস) জনাব রাজীব বিশ্বাস বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত ই-গভর্নেন্স ও উদ্ভাবনী
সভার সংক্ষিপ্ত আলোচনা করেন।

১। অর্থ বৎসর ২০২২-২৩ এ নেসকো পিএলসি এর সাথে বিদ্যুৎ বিভাগের সম্পাদিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিতে
উদ্ভাবনী কার্যক্রম এর নম্বর কি রূপে বণ্টন করা হয়েছে তা নিয়ে আলোচনা করা হয়েছে। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তিতে
পূর্ণ নম্বর পাওয়ার জন্য সকল কার্যক্রম সম্পাদনের শেষ তারিখগুলোও সবাইকে জানানো হয়েছে।

২। ২০২২-২৩ অর্থ বৎসরে নেসকো লিঃ এর সাথে বিদ্যুৎ বিভাগের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সেবা
সহজিকরণ, সেবা ডিজিটলাইজেশন- এই দুই ক্যাটাগরিতে দুইটি ধারণা বাস্তবায়নের উল্লেখ করা হয়। এই দুই ধারণা
নির্বাচন করার পূর্বে সকল দপ্তর হতে আইডিয়া আহ্বান করা যেতে পারে। সকল দপ্তর হতে আইডিয়া প্রাপ্তির পরে তা ই-
গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি কর্তৃক দুইটি ধারণা প্রাথমিক ভাবে নির্বাচিত করা যেতে পারে যা
বিদ্যুৎ বিভাগে চূড়ান্ত নির্বাচনের জন্য প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত সমূহ:

১। কমিটি হতে সকল দপ্তরে ডিজিটাল সেবা, সহজিকরণযোগ্য সেবা এই দুই (০২) ক্যাটাগরিতে ধারণা আহ্বান করা
হবে এবং পওস সার্কেল প্রধানগন উক্ত কার্যক্রম নিশ্চিত করবেন।

২। ধারণাপ্রাপ্তির পর কমিটি ধারণা বাছাই করবেন এবং তালিকা প্রস্তুতপূর্বক ৩১ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে
বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবেন।



নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিঃ

Northern Electricity Supply Company Ltd.
(An Enterprise of Bangladesh Power Development Board)



প্রধান কার্যালয়
বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ, রাজশাহী।

৩। কমিটির পরবর্তী সভার সময় ও তারিখ সকলকে পরবর্তীতে জানানো হবে।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

R. Biswas

রাজীব বিশ্বাস
ব্যবস্থাপক (এমআইএস)
নেসকো লিঃ, রাজশাহী

স্মারকঃ ২৭.২৯.০০০০.০৯১.০৬.০০১.২২.০২১

তারিখঃ ২২/০৯/২২ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। ব্যবস্থাপনা পরিচালক, নেসকো লিঃ, রাজশাহী।
- ২। সকল নির্বাহী পরিচালক, নেসকো লিঃ, রাজশাহী।
- ৩। সকল প্রধান প্রকৌশলী, নেসকো লিঃ।
- ৪। সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নেসকো লিঃ।
- ৫। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি এন্ড অটোমেশন), নেসকো লিঃ, রাজশাহী।
- ৬। ব্যবস্থাপক (বাণিজ্যিক পরিচালন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বাণিজ্যিক পরিচালন)-এর দপ্তর, নেসকো লিঃ।
- ৭। ব্যবস্থাপক (ডাটাসেন্টার), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, নেসকো লিঃ, রাজশাহী।
- ৮। দপ্তর নথি।

R. Biswas

রাজীব বিশ্বাস
ব্যবস্থাপক (এমআইএস)
নেসকো লিঃ, রাজশাহী